ঝিনাইদহে মুখঢাকা নারীদের এনআইডি না দেয়াই মানববন্ধন

মুখ ঢেকে পর্দা করা নারীদের ১৬ বছর যাবত নাগরিকত্ব না দেওয়ার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

গতকাল সোমবার সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচীর আয়োজন করে ঝিনাইদহ মহিলা আনজুমান।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে ঝিনাইদহ মহিলা আনজুমান এর পক্ষে আহমদ মানসুরা, সংগঠনটির অন্যান্য সদস্যসহ পর্দানশীন নারীরা অংশ নেয়।

সেসময় বক্তারা বলেন, বিগত ১৬ বছর যাবত পর্দানশীন নারীদের মানবাধিকার হরণ করা হচ্ছে। পর্দানশীন নারীদের ধর্মীয় ও প্রাইভেসীর অধিকার অক্ষুন্ন রেখে এনআইডি প্রদান, বায়োমেট্রিক ফিঙ্গারপ্রিন্ট ব্যবস্থা জোরদার করে এনআইডি প্রদান করতে হবে। দ্রুত তাদের দাবী মানা না হলে দেশব্যাপী ধর্মপ্রাণ মুসলমান নারী- পুরুষ মাঠে নামবে বলেও হুশিয়ারী দেন তারা।

গাংনীতে এনআইডি নিতে এসে জানলেন তারা মৃত!

মেহেরপুরের গাংনীতে দুই ব্যাক্তি এনআইডি (জাতীয় পরিচয় পত্র) কার্ড সংগ্রহ করতে এসে তারা জানতে পারলেন অনেক আগেই তারা মৃত বরণ করেছেন। অফিস তথ্যে লেখা হয়েছে এমন তথ্য।

ইউপি চেয়ারম্যান বলছেন, এমন অনেক ক্ষেত্রেই হয়েছে। কবে এ তথ্য পুনরাই সংশোধন করা কঠিন বিষয়। নির্বাচন অফিস বলছেন এমন অনেকের ক্ষেত্রেই হয়েছে, এটি কাদের ভুল তা বলা যাচ্ছেনা।

রবিবার সকাল ১১ টার দিকে মেহেরপুরর গাংনী উপজেলা নির্বাচন অফিসে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সংগ্রহ করতে আসেন গাংনী আড়পাড়া গ্রামের